DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ৷ তৈরি: 15 Jul 2026, 03:17 PM

আন্তর্জাতিক

# ইন্দোনেশিয়ায় বিয়ে থেকে ফেরার পথে সড়ক দুর্ঘটনায় নিহত ১৩

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ১৩ জুলাই ২০২৬, ০৬:১৭ PM



ছবি: সংগৃহীত

ইন্দোনেশিয়ার জাভা দ্বীপে বিয়ের অনুষ্ঠান থেকে ফেরার পথে অতিথিবাহী একটি পিকআপ দুটি ট্রাকের মধ্যে চাপা পড়ে ভয়াবহ সড়ক দুর্ঘটনার শিকার হয়েছে। এ ঘটনায় অন্তত ১৩ জন নিহত এবং পাঁচজন আহত হয়েছেন।

রবিবার (১২ জুলাই) বিকেলে ইন্দ্রামায়ু রিজেন্সির কিয়াজারান কুলোন গ্রামের কাছে উত্তর উপকূলীয় মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। হতাহতরা পার্শ্ববর্তী পারেয়ান গ্রামে একটি বিয়ের অনুষ্ঠান শেষে বাড়ি ফিরছিলেন।

স্থানীয় ট্রাফিক পুলিশের প্রধান উন্দাং শরিফ হিদায়াত জানান, যাত্রীবোঝাই খোলা পিকআপটি মহাসড়কের মাঝখানে থাকা একটি ঘুরে যাওয়ার পথ দিয়ে দিক পরিবর্তনের জন্য ধীরগতিতে চলছিল। এ সময় একই দিক থেকে আসা একটি উইং-বক্স ট্রাক পেছন থেকে পিকআপটিকে সজোরে ধাক্কা দেয়।

ধাক্কার ফলে পিকআপটি বিপরীতমুখী লেনে চলে যায়। সেখানে আরেকটি ট্রাকের সঙ্গে সংঘর্ষ হলে পিকআপে থাকা একাধিক যাত্রী সড়কে ছিটকে পড়েন। ঘটনাস্থলেই ১৩ জনের মৃত্যু হয়।

পুলিশ জানিয়েছে, আহত পাঁচজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাঁদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর। দুর্ঘটনার প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে।

ইন্দোনেশিয়ায় অতিরিক্ত যাত্রী বা মালবাহী যান চলাচল, সড়ক নিরাপত্তার ঘাটতি এবং ট্রাফিক আইন যথাযথভাবে অনুসরণ না করার কারণে প্রায়ই প্রাণঘাতী সড়ক দুর্ঘটনা ঘটে।

সূত্র: ওয়াশিংটন পোস্ট

---

## এ বিভাগের আরও খবর



**আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলার হুমকি ট্রাম্পের**

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তেহরান সমঝোতার পথে না এলে আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুগুলোতে যুক্তরাষ্ট্রের...



**বীজ বিক্রেতা থেকে যেভাবে বিশ্বসেরা কফি ব্র্যান্ড হলো স্টারবাকস**

সময়টা ১৯৮৩ সাল। স্টারবাকস তখন কেবল কফির বীজ বিক্রির একটি সাধারণ প্রতিষ্ঠান। আর হাওয়ার্ড শুল্টজ ছিলেন সেই কোম্পানির মার্কেটিং ডিরেক্টর। ব্যব...



### যৌন নিপীড়নের দায়ে অবশেষে ৫৬ লাখ ডলার জরিমানা দিলেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অবশেষে লেখক ও সাবেক কলামিস্ট ই. জিন ক্যারলকে যৌন নিপীড়ন ও মানহানি মামলায় আদালতের নির্দেশ অনুযায়ী ৫৬ লাখ...



### মার্কিন হামলায় ইরানে নিহত ৩০

ইরানের দক্ষিণাঞ্চলে সাম্প্রতিক মার্কিন হামলায় ৩০ জনেরও বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে দাবি করেছে তেহরান। বুধবার দেশটির সরকারি মুখপাত্র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/indoneshiyay-biye-theke-ferar-pthe-srk-durghtnay-niht-13